স্বর্গীয় সতীশচন্দ্র সরকার মহাশয়ের প্রতিষ্ঠিত

**হ্যানিম্যান হল**

মুর্শিদাবাদ জেলার আদি ও শ্রেষ্ঠতম
হোমিও প্রতিষ্ঠান

হোমিওপ্যাথিক ও বাইওকেমিক ঔষধ কলিকাতার দরে বিক্রয় হয়। পাইকারী গ্রাহকদের বিশেষ সুযোগ ও সুবিধা দেওয়া হয় আমরা যত্নের সহিত ভি. পি. যোগে মফঃস্বলে ঔষধ সরবরাহ করি।

হোমিও পেটেন্ট **"আইওলিন"**
চক্ষু ওঠায় ফল সুনিশ্চিত।

**হ্যানিম্যান হল,** খাগড়া, মুর্শিদাবাদ
বিঃ দ্রঃ—কোন ব্রাঞ্চ নাই।

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

**বহরমপুর এক্সরে ক্লিনিক**

জল গম্বুজের নিকট
পোঃ বহরমপুর : মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সম্ভব কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫১শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২৪শে ভাদ্র বুধবার, ১৩৭১ ইংরাজী 9th Sept. 1964 { ১৭শ সংখ্যা




ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাস্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

**রান্নায় আনন্দ**

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুল জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

• ঝুল, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
• স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
• যে কোনো অংশ সহজলভ্য।



**খাস জনতা**

কেরোসিন কুকার

ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ

**শ্রীঅরুণ**

কমার্শিয়াল আর্টিষ্ট ও ফটোগ্রাফার
ছায়াবাণী সিনেমার সম্মুখে
পোঃ রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

স্টুডেন্টস্ ফেভারিট

রঘুনাথগঞ্জ, (বাস ষ্ট্যাণ্ড) মুর্শিদাবাদ

★ পাঠাগার, স্কুল ও কলেজের সব রকমের বই, খেলার সরঞ্জাম, কাগজ পেন ইত্যাদি সবচেয়ে সুবিধায় কিনুন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

২৪শে ভাদ্র বুধবার সন ১৩৭১ সাল।

## মাতালের স্বাধিকার জ্ঞান

—০—

কলকাতায় এক মাতালের গল্প প্রচলিত আছে। মাতালের মুখ দিয়ে এক গল্প বলা হয়েছে, কিন্তু ইহাতে আমাদের শিক্ষণীয় ঢের আছে। এক মাতাল মত্তাবস্থায় বড়বাজার দিয়ে পদব্রজে চলেছে। একটি ছুঁচো তার দু'পায়ের মাঝ দিয়ে চিক চিক শব্দ ক'রে চলে গেল। এক সিঁড়ির নর্দ্দমার মধ্যে ছুঁচোটি আশ্রয় নিয়েছে। মাতাল একথানি বাখারী সংগ্রহ ক'রে লাগলো তাকে খোঁচাতে। ছুঁচো তার খোঁচা সহ্য করতে না পেরে যেই বাহির হয়েছে, মাতাল তাকে বাখারীর এক ঘা মারলো। ঘা খুব জোরে লাগেনি। সে দৌড়াতে লাগলো। মাতাল তার পেছুন পেছুন ছুটতে লাগলো। যেখানে ছুঁচো আশ্রয় নেই মাতাল বাখারী প্রয়োগে তাকে ব্যস্ত করে তোলে। অবশেষে বাখারীর এক প্রবল আঘাত সইতে না পেরে তার গন্ধমূষিক লীলা সম্বরণ করতে বাধ্য হলো। স্বাধিকার প্রমত্ত বীর তখন ছুঁচোর লেজ ধরে ঝুলাতে ঝুলাতে রাস্তা চলে আর বলে—বাবা গন্ধমূষিক ছুচন্দর! যাও! আমার দু'পায়ের মধ্য দিয়ে পথ কর। এক ব্যক্তি মাতালের এই ব্যাপার দেখে হেসে বলে উঠলো যুদ্ধে জয়ী হয়ে বিজয় উল্লাস দেখাচ্ছ? মাতাল তখন বলে উঠলো—আমি মাতাল না তুমি মাতাল! আজ আমার দুপায়ের মধ্যে দিয়ে ছুঁচো গেল। কাল একটা ছাগল যাবে। তারপর দিন একটা গরু যাবে! তারপর দিন এক ঘোড়া যাক। তারপর আমার দুপায়ের মধ্য দিয়ে ট্রাম কোম্পানি লাইন পেতে ট্রাম চালাতে লাগুক আর দুই পা ফাঁক করে দাঁড়িয়ে থাকি। তুমি মাতালেরও অধম নিজের দখল রাখতে পার না! লজ্জা করে না! নিজের দখলী স্থান যদি রক্ষা করা না যায় তবে তার ভবিষ্যৎ অন্ধকার। একজন রাজনীতিজ্ঞ মাতালের নাম ঠিকানা লিখে নিয়ে বল্লে—ভাই তোমাকে আমি রাজ দরবারে পরিচয় ক'রে দিব। তুমি মাতাল নও। তোমার আইন সভায় যাওয়া উচিত। আইন একবার লংঘন যদি কেউ করে তবে তাই প্রথা হয়ে পড়ে।

একজন সাধারণ নির্ব্বাচনে পরাজিত হলো তার খাতির ক'রে তাকে সভ্য ক'রে লওয়া কর্ত্তৃপক্ষের অসভ্যতা ও অসত্যতা। আইন লঙ্ঘন অপরাধ। নির্ব্বাচনে লোক যাকে চায় না তাকে মন্ত্রী করতেই হবে এ কোন্ রাজনীতি! মাতাল এর চেয়ে জ্ঞানী। সাধারণ নির্ব্বাচনে সাধারণে যাকে ভোট দিলে না সেই অযোগ্য ব্যক্তিকে যে দায়িত্বপূর্ণ কাজে মন্ত্রী করে সে নির্ব্বাচনে অর্ব্বাচীন। মাতালের স্বাধিকার জানা আছে এদের নাই।

---

### পদ্মার ভাঙ্গনে বহু গ্রাম নিশ্চিহ্ন

জঙ্গিপুর মহকুমার রঘুনাথগঞ্জ থানার অন্তর্গত ঐতিহাসিক গ্রাম গিরিয়া, বালুয়াচরী, কাদিকোলা, বিনোদীঘি, ভাবকী, চাঁদপুর প্রভৃতি গ্রামে পদ্মার ভাঙ্গনের ফলে বহু পরিবার গৃহহারা হইয়া দুর্গতি ভোগ করিতেছে। জমি জমা, বাড়ীঘর সমস্ত পদ্মায় বিসর্জ্জন দিয়া বহু নরনারী, শিশু, বৃদ্ধ, রোগী গাছতলায়, পথের ধারে বা মাঠে আশ্রয় লইতে বাধ্য হইয়াছে।

---

### গৃহদাহ

বিগত ৭ই ভাদ্র রবিবার রাত্রিতে রঘুনাথগঞ্জ থানার ভাবকী গ্রামের শ্রীহেমেন্দ্রনারায়ণ চৌবে মহাশয়ের বাড়ীতে আগুন লাগিয়া ধান, চৈতালী ও গৃহের আসবাবপত্র ও পিতল কাঁসার বাসন পুড়িয়া নষ্ট হইয়া গিয়াছে।

---

### খাদ্য আন্দোলন

প্রায় তিনমাস হইতে চলিল নিত্যপ্রয়োজনীয় খাদ্যদ্রব্যের অস্বাভাবিক মূল্য বৃদ্ধির জন্য সারা ভারত বিক্ষুব্ধ। খাদ্য আছে কিন্তু খাদ্য ব্যবসায়ীদের অতি মুনফা লাভের চেষ্টার ফলে ভারতে খাদ্য সঙ্কট তীব্র আকার ধারণ করিয়াছে। কংগ্রেস সরকার খাদ্য সংকটের কোন সমাধান করিতে পারেন নাই বা করেন নাই। ভুবনেশ্বর কংগ্রেসে বক্তৃতা হইল ধানকল রাষ্ট্রায়ত্ত করা হইবে। কংগ্রেসীদের মধ্যেই কেহ কেহ এইরূপ প্রস্তাব শুনিয়া ব্যঙ্গ করিলেন। মিল মালিকদের টাকায় যে কংগ্রেসের জাঁকজমক পূর্ণ অধিবেশন হয়, যে কংগ্রেসের নির্ব্বাচনী তহবিল ব্যবসায়ীর টাকায় গঠিত হয় তাহাদের ব্যবসা বন্ধ করিয়া দিবার হুমকী যে নিছক ফাঁকা আওয়াজ তাহা সাধারণ মানুষও বুঝিয়াছে। ব্যবসায়ীরা চাল তেলের দর বাঁধিয়া দিল ব্যবসাদারদের নির্দ্ধারিত দর মঞ্জুর না করিলে—তাহারা চাল তেল সরবরাহ করিতে পারিবেন না জানাইয়া দিলেন।

জনসাধারণকে ধোঁকা দিবার জন্য কংগ্রেসী শাসকগণ ব্যবসাদারদের উদ্দেশ্যে নানা হুমকী দিলেন খাদ্য ব্যবসা রাষ্ট্রায়ত্ত করা হইবে অতি মুনফাখোরের কঠোর সাজা দেওয়া হইবে এই প্রকার বক্তৃতা দিনের পর দিন চলিতে লাগিল। মজুতদার, অতিমুনফাখোর এবং খাদ্যে ভেজাল-দানকারীরা সমাজের শত্রু তাহাদের কঠোর দণ্ড দেওয়া উচিত এ কথাও প্রধান প্রধান রাষ্ট্রনায়কগণ বিবৃতি মারফৎ প্রচার করিতে থাকিলেন। প্রধান-মন্ত্রী শ্রীলালবাহাদুর শাস্ত্রী খাদ্যমন্ত্রী প্রভৃতি সহকর্ম্মির সহিত পরামর্শ করিয়া সঙ্কট দূরীকরণের কি উপায় করা যায় তৎসম্পর্কে চিন্তা করিতেছেন এবং খাদ্য পরিস্থিতির পর্য্যালোচনা করিতেছেন এরূপ সংবাদ বাহির হইল। এইভাবে একের পর একদিন কাটিতে লাগিল। নূতন প্রধানমন্ত্রীর উপর দেশবাসী ভরসা করিল এবং তিনি শীঘ্রই সমস্যা সমাধানের ব্যবস্থা করিবেন এই আশায় দেশবাসী দিন কাটাইতে লাগিল। এইভাবে কয়েকমাস অতীত হইলে মহারাষ্ট্রে ব্যাপকভাবে খাদ্য আন্দোলন আরম্ভ হইল। সরকার যথারীতি হুমকী দিলেন আন্দোলন করিলে সমস্যার সমাধান হইবে না,

কংগ্রেস সরকার খাদ্য সঙ্কট সমাধানে সকল দলের সহযোগিতা চান। সকল দল সহযোগিতা করিলেই বা কি হইবে। পুঁজিপতি মজুতদার ও মিল-মালিকদের সায়েস্তা করিতে যে আইন করা দরকার সে আইন করার কথাও কেহ তুলিলেন না। খাদ্যে ভেজাল সম্পর্কিত আইনের উপযুক্ত সংশোধনের চেষ্টাও এই কয়মাস মধ্যে হইল না সুতরাং কংগ্রেস বিরোধী রাজনৈতিক দলের এবং জনসাধারণের তীব্র আন্দোলন গড়িয়া তোলা ছাড়া অন্য উপায় কি?

## এম-বি-বি-এস পরীক্ষায় সাফল্য

রঘুনাথগঞ্জের বিশিষ্ট নাগরিক স্বর্গীয় পঞ্চানন চট্টোপাধ্যায় মহাশয়ের কনিষ্ঠ পুত্র ও লব্ধপ্রতিষ্ঠ চিকিৎসক ডাঃ শ্রীগৌরীপতি চট্টোপাধ্যায়ের কনিষ্ঠ সহোদর শ্রীমান্ কৈলাসপতি এবার এম-বি-বি-এস পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছে।

রঘুনাথগঞ্জ ফাঁসীতলার মৃত্যুঞ্জয় ফার্ম্মেসীর ডাঃ শ্রীপার্ব্বতীচরণ মুখোপাধ্যায় মহাশয়ের পুত্র শ্রীমান্ আশিস্‌কুমার এবার এম-বি-বি-এস পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছে।

আমরা শ্রীমান্‌দ্বয়ের সাফল্যের জন্য বিশেষ আনন্দিত হইয়াছি। ভগবান তাহাদের মঙ্গল করুন ইহাই প্রার্থনা করি।

## ছাত্রের কৃতিত্ব

জঙ্গিপুর হাইয়ার সেকেণ্ডারী মাল্‌টি-পারপাস্ স্কুলের ছাত্র রঘুনাথগঞ্জের প্রসিদ্ধ মিষ্টান্ন ব্যবসায়ী শ্রীনৃসিংহভূষণ দত্ত মহাশয়ের কনিষ্ঠ পুত্র শ্রীমান্ প্রবীরকুমার হাইয়ার সেকেণ্ডারী পরীক্ষায় ৭২৪নং পাইয়া মুর্শিদাবাদ জেলার মধ্যে দ্বিতীয় স্থান অধিকার করিয়াছে। শ্রীমানের সাফল্যে আমরা আনন্দিত হইয়াছি।

## কাপড়ের দোকানে চুরি

কিছুদিন পূর্ব্বে ভাবকী বাজারে শ্রীশান্তিপ্রসাদ চৌবের কাপড়ের দোকানে চুরি হইয়া গিয়াছে। চোরে সমস্ত কাপড় লইয়া গিয়াছে। চৌবে মহাশয় ইতিপূর্ব্বে পদ্মার ভাঙ্গনে সর্ব্বস্বান্ত হওয়ার পর আবার এই বিপদে পড়িয়াছেন।

## আর কত দিন?

বিগত ১৩৭০ সালের ২৫শে চৈত্র তারিখের 'জঙ্গিপুর সংবাদে' রঘুনাথগঞ্জ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের ১৯৬৩ সালের ম্যাগাজিন সম্বন্ধে লিখিয়াছিলাম।

উক্ত স্কুলের মাননীয় প্রধান শিক্ষক মহাশয়ের বক্তব্য যথারীতি বিগত ৯ই বৈশাখ, ১৩৭১ তারিখের কাগজে প্রকাশ করিয়াছি।

তিনি লিখেছিলেন—"যথাসম্ভব চেষ্টা সত্ত্বেও উপযুক্ত সংখ্যক লেখা না পাওয়ার জন্য যথাসময়ে স্কুল-ম্যাগাজিন প্রকাশ করা সম্ভবপর হয় নাই। বর্ত্তমানে স্কুল-ম্যাগাজিন যন্ত্রস্থ ও শীঘ্রই প্রকাশিত হইবে।"

প্রধান শিক্ষক মহাশয়ের পত্র লেখার পর প্রায় পাঁচ মাস অতিবাহিত হইতে চলিয়াছে—কিন্তু ম্যাগাজিন দেখা গেল না। শুনা যাইতেছে এক সংখ্যায় ১৯৬৩/১৯৬৪ সালের বাহির হইবে। ছাত্ররা ম্যাগাজিন সম্বন্ধে জিজ্ঞাসা করিলে মাননীয় প্রধান শিক্ষক মহাশয় মেজাজের সঙ্গে উত্তর দেন—ম্যাগাজিন বের করা সহজ নয়।

মধ্যবিত্ত ও নিম্ন মধ্যবিত্ত অভিভাবকদের কষ্টার্জ্জিত পয়সা আদায় করাটা খুব সহজ!"

## শিক্ষক দিবস

গত ৫ই সেপ্টেম্বর শনিবার বৈকাল ৪ ঘটিকায় জঙ্গিপুর মিউনিসিপ্যাল হলে জঙ্গিপুর পৌর প্রাথমিক শিক্ষক মহাশয়গণের উদ্যোগে ভারতের রাষ্ট্রপতি ডঃ রাধাকৃষ্ণণের জন্মদিবস তথা 'শিক্ষক দিবস' উদ্‌যাপিত হয়।

নবনির্ব্বাচিত পৌরপতি শ্রীপ্রাণগোপাল চট্টোপাধ্যায় ও স্কুল সবইন্সপেক্টর শ্রীপ্রফুল্ল দেবনাথ মহাশয়দ্বয় যথাক্রমে সভাপতি ও প্রধান অতিথির আসন গ্রহণ করেন। সভায় বহু বিশিষ্ট ব্যক্তি সমবেত হন।

## চেয়ারম্যান ও ভাইস-চেয়ারম্যান নির্ব্বাচন

২রা সেপ্টেম্বর বুধবার জঙ্গিপুর মিউনিসিপ্যালিটির নবনির্ব্বাচিত কমিশনরগণের মধ্য হইতে শ্রীপ্রাণগোপাল চট্টোপাধ্যায় মহাশয় চেয়ারম্যান ও শ্রীসূর্য্যনারায়ণ ঘোষাল মহাশয় ভাইস-চেয়ারম্যান নির্ব্বাচিত হইয়াছেন।

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

৪১৩নং ৬৩ অন্য

বাদী—যদুনন্দনপুর (মহাতাবপুর) গ্রামের মুসলমান জনসাধারণের পক্ষে সর্দ্দার ওয়াজেদ আলি সাহেব। বিবাদী—পশ্চিমবঙ্গ সরকার

এতদ্দ্বারা থানা সুতী অধীন যদুনন্দনপুর মহাতাবপুর গ্রামের মুসলমান জনসাধারণকে জ্ঞাত করান যাইতেছে যে বাদী থানা সুতী অধীন ফরিদপুর মৌজায় ১০১নং খতিয়ানের ৯৩নং দাগের ১৭ শতক সম্পত্তির ভ্রমাত্মক রেকর্ড এর বিরুদ্ধে উক্ত বিবাদী নামে স্বত্ব থাকা সাব্যস্থে চিরস্থায়ী নিষেধাজ্ঞার দাবীতে এক মোকর্দ্দমা করায় তাহাতে মুসলমান জনসাধারণের কাহারও কোন আপত্তি থাকিলে বা বিবাদী শ্রেণীভুক্ত হইয়া আপত্তি উত্থাপন করিতে ইচ্ছা করিলে আগামী ১৯৬৪ সালের ১১।৯ তারিখে বেলা ১০॥০ টার সময় উপস্থিত হইয়া আপন আপন আপত্তি দর্শান। তজ্জন্য এই বিজ্ঞপ্তি দেওয়া হইল।

By Order of the Court
B. B. Ghosh, Sharistadar,
1st. Munsif's Court, Jangipur.

## নোটিশ

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

১৫। ৬৩ অন্য

এতদ্দ্বারা সর্ব্বসাধারণ বিশেষতঃ থানা রঘুনাথগঞ্জের অধীন মথুরাপুর সাকিমের সর্ব্বসাধারণকে জানান যায় যে উক্ত মথুরাপুর সাকিমের মৃত বিপিন মণ্ডলের পুত্র শ্রীপূর্ণচন্দ্র মণ্ডল অত্র জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালতে উক্ত মৌজার ৪১৫ ও ৩৬১নং দাগ সর্ব্বসাধারণের রাস্তা ও উহা মস্তাজ সেখ দিং অবরোধের সৃষ্টি করিতে উদ্যত হওয়ায় উক্ত উভয় দাগ সর্ব্বসাধারণের রাস্তা ও উহা অবরোধের বা রূপান্তরের কাহারও অধিকার নাই এই এই উল্লেখে বিজ্ঞাপনী ডিক্রীসহ চিরস্থায়ী নিষেধাজ্ঞার দাবীতে মোকর্দ্দমা করিয়াছেন। তাহাতে কেহ বাদী শ্রেণীভুক্ত হইতে ইচ্ছা করিলে হইতে পারেন।

ধার্য্য দিন ২৮-৯-৬৪

By Order of the Court
B. B. Ghosh, Sharistadar,
1st. Munsif's Court, Jangipur.




বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্বাস্থ্য স্নিগ্ধকর

সি, কে, সেনের

**আমলা** তেল

সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ,
জবাকুসুম হাউস, কলিকাতা-১২





## সারিবাদ্যাসব

এর প্রতি ফোঁটাই আপনার রক্তের বিশুদ্ধতা আনবে এবং দেহে নূতন শক্তি ও উৎসাহের সঞ্চার করবে।

**ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত**

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—**শ্রীননীগোপাল সেন,** কবিরাজ

অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)



রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।



প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং *বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি* ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

***সর্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়***

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

## আর্ট ইউনিয়ন

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি:

সেলস অফিস ও শোরুম
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬
ফোন: ৫৫-৪৩৬৬





★আই,সি,আই পেইন্ট
★মেদিনীপুরের ভাল মাদুর
★যাবতীয় ঘানি, হলার ও ধান কলের পার্টস্
★ইমারতের যাবতীয় সরঞ্জাম।



বিক্রেতা:—

**কুণ্ডু হার্ডওয়্যার ষ্টোর**
খাগড়া মুর্শিদাবাদ



***জঙ্গিপুর সংবাদ*** সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২.২৫ নঃ পঃ অগ্রিম দেয়, নগদ মূল্য .০৬ নঃ পঃ।

বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন। ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)